

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০৩৩.৩২.৪৫.১৯-১২৭৫

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

১২ আগস্ট ২০২১

বিষয়: প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যবহার উপযোগী সফটওয়্যার ‘ইমপোরিয়া’ এর লিংক ওয়েবসাইটে স্থাপন
প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন “তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্পটি বিগত জুলাই’২০১৭ থেকে জুন’২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি, গত ২৮ই মার্চ ২০২১ তারিখে উপরে বর্ণিত প্রকল্পের অধীনে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উন্নয়নকৃত সফটওয়্যার ‘ইমপোরিয়া’ এর শুভ উদ্বোধন করেন। এটি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উন্নয়নকৃত অভিগম্য (Accessible) সফটওয়্যার যা আন্তর্জাতিক ওয়েব কন্টেন্ট এক্সেসিভিলিটি গাইডলাইনস অনুসরণপূর্বক উন্নয়ন করা হয়েছে। সফটওয়্যারটিতে রয়েছে ই-লার্নিং প্ল্যাটফর্ম, জব পোর্টাল এবং মোবাইল অ্যাপস।

২। ই-লার্নিং প্ল্যাটফর্ম এর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তির সহজেই নিজেদের দক্ষতা বাড়াতে পারছে এবং সকল দক্ষতা যাচাইকরণের ব্যবস্থাও এতে সন্নিবেশিত রয়েছে। ‘জব পোর্টাল’ যা নিয়োগদাতার এবং চাকুরীপ্রার্থীদের মাঝে একটি যোগসূত্র হিসেবে কাজ করছে। সকল প্রতিবন্ধী ব্যক্তির সহজেই ঘরে বসে এটি ব্যবহারের মাধ্যমে চাকুরির জন্য সিডি জমা দেয়া, চাকুরী খোঁজা এবং আবেদন করতে পারছে। এছাড়াও ‘জব পোর্টাল’ টিতে জুম প্ল্যাটফর্ম ইন্টিগ্রেশন থাকার ফলে, চাকুরীদাতা প্রতিষ্ঠান পোর্টালে চাকুরীর বিজ্ঞাপন প্রদান সহ নিয়োগের প্রয়োজনীয় ধাপ সমূহ অনুসরণ করে ভিডিও প্ল্যাটফর্মে সরাসরি ইন্টারভিউ গ্রহণের মাধ্যমে যোগ্য প্রার্থী নির্বাচন করতে পারছে। সফটওয়্যারটির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে উন্নয়নকৃত সফটওয়্যার ‘ইমপোরিয়া’ এর মোবাইল অ্যাপসও (অ্যান্ড্রয়েড ও আইওএস ভার্সন) উন্নয়ন করা হয়েছে।

৩। অত্যন্ত আনন্দের সঙ্গে জানানো যাচ্ছে যে, সফটওয়্যারটি উদ্বোধনের মাত্র চার (০৪) মাসের মধ্যে এক হাজার তিনশত এর (১৩০০) অধিক প্রতিবন্ধী শিক্ষার্থী এতে নিবন্ধন করেছেন এবং পঞ্চাশের (৫০) অধিক নিয়োগদাতা প্রতিষ্ঠান সফটওয়্যারটিতে সংযুক্ত হয়েছেন। এমতাবস্থায়, প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে সম্পর্কিত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট ‘ইমপোরিয়া’ সফটওয়্যারটির তথ্য পৌঁছানো ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে উন্নয়নকৃত সফটওয়্যারের লিংক স্থাপন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

৪। আপনার সদয় জ্ঞাতার্থে উন্নয়নকৃত সফটওয়্যারটির নাম ও লিংক নিম্নে দেয়া হলঃ

সফটওয়্যারটির নামঃ ইমপোরিয়া (EMPORIA)

সফটওয়্যারটির লিংকঃ <https://emporia.bcc.gov.bd/>

১২-৮-২০২১

পার্থপ্রতিম দেব

নির্বাহী পরিচালক

বিতরণ :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

- ২) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ৩) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
- ৪) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
- ৫) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন
ফাউন্ডেশন
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর,
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
- ৮) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু
ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৯) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)
- ১০) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ
সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)
- ১১) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কল
সেন্টার এন্ড আউটসোর্সিং (বাক্সো)
- ১২) সভাপতি, সাইবার ক্যাফে ওনার্স অ্যাসোসিয়েশন অফ
বাংলাদেশ (কোয়াব)
- ১৩) সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারস এন্ড
এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ)
- ১৪) সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারস এন্ড
এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ)
- ১৫) সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ
(ই-ক্যাব)